# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**01-06-2026** **Time: 1.40 PM**

রাজ্যে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারির নেতৃত্বাধীন মন্ত্রিসভার আজ সম্প্রসারণ হয়েছে।

লোকভবনে মুখ্যমন্ত্রী সহ সমাজের বিভিন্ন অংশের বিশিষ্টজনদের উপস্থিতিতে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি, ৩৫ জন নতুন মন্ত্রীকে শপথ পাঠ করান।

নতুন মন্ত্রিসভায় ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ১৯ জন প্রতিমন্ত্রীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে, রাজ্যে নবগঠিত সরকারের মন্ত্রিসভার সদস্য সংখ্যা হলো ৪১। মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল মন্ত্রিদের নাম ঘোষণা করেন।

পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নেন দীপক বর্মন, তাপস রায়, ডা. শঙ্কর ঘোষ, মনোজ ওরাওঁ, অর্জুন সিং, গৌরীশঙ্কর ঘোষ, স্বপন দাশগুপ্ত, জগন্নাথ চট্টোপাধ্যায়, কল্যাণ চক্রবর্তী, অজয় পোদ্দার, ডা. শারদ্বত মুখোপাধ্যায়, দুধকুমার মণ্ডল এবং অরূপ কুমার দাস।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হলেন ডা. ইন্দ্রনীল খাঁ, মালতী রাভা রায় এবং রাজেশ মাহাতো।

প্রতিমন্ত্রীর দায়িত্ব পাচ্ছেন জোয়েল মুর্মু, হরেকৃষ্ণ বেরা, আনন্দময় বর্মন, অশোক দিন্দা, নদিয়ারচাঁদ বাউরি, বিশাল লামা, শান্তনু প্রামাণিক, মৌমিতা বিশ্বাস মিশ্র, উমেশ রায়, পূর্ণিমা চক্রবর্তী, কৌশিক চৌধুরী, ভাস্কর ভট্টাচার্য, দিবাকর ঘরামী, অমিয় কিস্কু, কলিতা মাঝি, গার্গী দাস ঘোষ, বিরাজ বিশ্বাস, দীপঙ্কর জানা এবং সুমনা সরকার।

৪-মে নির্বাচনের ফল ঘোষণার পর ৯-মে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সঙ্গে শপথ নেন আরও পাঁচ মন্ত্রী, দিলীপ ঘোষ, ক্ষুদিরাম টুডু, অগ্নিমিত্রা পাল, নিশীত প্রামাণিক, অশোক কীর্তনীয়া।

oooooooooooooooooooo

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য নবনিযুক্ত মন্ত্রিসভার সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি, জনসেবার অঙ্গীকার নিয়ে মন্ত্রিসভার সদস্যদের নতুন পথচলায় সাফল্য এবং সমৃদ্ধি কামনা করেন।

oooooooooooooooooooo

বকেয়া মহার্ঘ ভাতা নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে কর্মচারী সংগঠনগুলির প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। সংগ্রামী যৌথ মঞ্চ, কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ সহ মোট চারটি সংগঠন এই বৈঠকে উপস্থিত থাকবে বলে সূত্রের খবর। থাকবেন রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, অর্থ সচিবও।

বকেয়া DA মেটানোর প্রক্রিয়া কতদূর এগিয়েছে, সুপ্রিম কোর্ট’ গত সপ্তাহের শুনানিতে তা রাজ্যের কাছে জানতে চায়। জুলাই মাসের তৃতীয় সপ্তাহে ফের এই মামলার শুনানি হবে। তার আগে রাজ্যকে DA মামলার স্টেটাস রিপোর্ট জমা দিতে বলেছে সর্বোচ্চ আদালত।

ooooooooooooooooooo

বিজেপি-র নির্বাচনী ইস্তাহারে দেওয়া প্রতিশ্রুতি মতোই রাজ্য সরকারের নির্দেশ অনুসারে আজ থেকে সারা রাজ্যে মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াত করতে পারছেন। এই আধার কার্ড, ভোটার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, ভারতীয় পাসপোর্ট, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের সচিত্র পরিচয়পত্র সহ ১১টি প্রমাণপত্র দেখালে ইস্যু করা হচ্ছে জিরো ভ্যালু টিকিট।

পরবর্তীকালে এই পরিষেবার আওতায় মহিলা যাত্রীদের জন্য বিশেষ স্মার্ট কার্ড চালু করা হবে।

মহিলাদের বিনা ভাড়ায় যাতায়াতের জন্য রাজ্য সরকার, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমকে ক্ষতিপূরণ বাবদ প্রায় সাড়ে বারো কোটি টাকা দিয়েছে। পরিবহন দপ্তর থেকে এই টাকা ইতিমধ্যেই নিগমকে পাঠিয়ে দেওয়া হয়েছে।

পাহাড় থেকে সমতল রাজ্যের সর্বত্র মহিলারা বিনামূল্যে যাতায়াতের সুবিধা পাচ্ছেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আজ সকালে সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নারীশক্তি ক্ষমতায়নের উদ্যোগকে সফল করতেই রাজ্য সরকারের এই পদক্ষেপ।

oooooooooooooooooo

অন্যদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সোশ্যাল মিডিয়া বার্তায় জানিয়েছেন, রাজ্যে নতুন সরকার মানুষের পাশে থেকে উন্নয়নের লক্ষ্যে কাজ করতে বদ্ধপরিকর। সরকারি বাসে মহিলাদের জন্য পুরোপুরি নিখরচায় যাতায়াত পরিষেবা চালু করার পাশাপাশি অন্নপূর্ণা যোজনার পূর্ণমাত্রায় বাস্তবায়নের কাজ শুরু হচ্ছে। প্রকৃত প্রাপকদের বাড়িতে পৌঁছে সরকারি সহায়তা সুনিশ্চিত করতে প্রশাসন সক্রিয় রয়েছে বলে তিনি জানান।

ooooooooooooooooooo

প্রাকৃতিক দুর্যোগের মধ্যেও গ্রাহকদের নিরবিচ্ছিন্নভাবে পরিষেবা দিতে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড রাজ্যের চার শহরে ভূগর্ভস্থ কেবল লাইন পাতার কাজ সম্পূর্ণ করেছে। বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় বারুইপুর, খড়গপুর, রাজারহাট এবং চন্দননগরে এই কাজ সম্পূর্ণ হয়েছে বলে বিদ্যুৎ দপ্তর সূত্রে জানা গিয়েছে। আসানসোল এবং শিলিগুড়িতে আগামী নভেম্বর মাসের মধ্যে এই কাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই কাজের জন্য বিশ্ব ব্যাংক ২০২১ সালে সহজ শর্তে সংস্থাকে ২ হাজার ৮০০ কোটি টাকা ঋণ দিয়েছিল। অন্যদিকে, রাজ্য সরকারের তহবিলের অর্থে নবদ্বীপ, বোলপুর, চুঁচুড়া, কৃষ্ণনগর, কোচবিহারেও ভূগর্ভস্থ কেবল পাতার কাজ চলছে বলে জানা গিয়েছে।

*ooooooooooooooooooo*

বিধানসভায় তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের পাঠানো চিঠিতে সই জ্বাল করার অভিযোগের তদন্তে সিআইডি-র তলবে আজ হাজিরা দেননি দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। শারীরিক অসুস্থতার কারণে তিনি হাজিরা দিতে পারছেন না বলে সিআইডি-কে চিঠি দিয়ে জানিয়েছেন। আপাতত হাজিরা দেওয়ার জন্য তিনি সময় চেয়েছেন বলে সূত্রের খবর।

উল্লেখ্য, বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস, হেয়ারস্ট্রীট থানায় সই জালের অভিযোগ দায়ের করে। পরে ঘটনার তদন্তভার যায় সিআইডি-র হাতে। আজ বেলা **১২**-টায় অভিষেককে ভবানীভবনে তলব করা হয়েছিল।

এদিকে, এই ঘটনায় সিআইডি পাঁচ সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে।

*oooooooooooooooooo*

পূর্ব বর্ধমানের কালনা ২ নম্বর ব্লকের সিঙ্গারকোনে তৃনমূল কংগ্রেস কার্যালয়ে তল্লাশি চালিয়ে প্রচুর পরিমান ত্রিপল, হুইল চেয়ার, অক্সিজেন সিলিন্ডার উদ্ধার করেছে পুলিশ। গ্রেপ্তার দলের ব্লক সভাপতি প্রণব রায়। কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে গতকাল দুপুর থেকে রাত পর্যন্ত সেখানে অভিযান চলে।

*oooooooooooooooooo*

কোচবিহারের দিনহাটার বুড়িরহাট ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান সুনীল বর্মনকে গাঁজা সহ গ্রেপ্তার করেছে পুলিশ। গতরাতে পুলিশ ও কেন্দ্র বাহিনী সুনীল বর্মনের বাড়িতে অভিযান চালায়। উদ্ধার হয় বস্তা বন্দী ৮৩ কেজি গাঁজা।

*ooooooooooooooooooo*

লেকটাউন মোড়ে বিপজ্জনক অবস্থায় থাকা ফুটবল তারকা লিওনেল মেসির মূর্তিটি সরানোর কাজ আজ শুরু হয়েছে। প্রায় ৪৪ ফুটের ওই মূর্তি সরাতে সকাল থেকেই পূর্ত দফতরের ইঞ্জিনিয়াররা ঘটনাস্থলে রয়েছেন। দু'টি হাইড্রোলিক ক্রেন কাজ করছে।

*ooooooooooooooooooo*

গরমের ছুটির পর আজই রাজ্যে সরকারী এবং সরকারী সাহায্য প্রাপ্ত স্কুলগুলি খুলেছে। সরকারী নির্দেশিকা মেনেই স্কুল এবং মাদ্রাসাগুলিতে প্রার্থনায় জাতীয় সঙ্গীতের পর বন্দেমাতরম গাওয়া হয়। ক্লাস শুরুর আগে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকারা সমবেতভাবে প্রার্থনা সঙ্গীত হিসেবে বন্দেমাতরম পরিবেশন করেন।

*ooooooooooooooooooo*

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ থেকেই তাপমাত্রার পারদ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। কমবে বৃষ্টির পরিমাণ।

উত্তরবঙ্গে অবশ্য বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু ইতোমধ্যেই আন্দামান সাগর এবং মধ্য বঙ্গোপসাগরে প্রবেশ করেছে। আগামী ২-৩ দিনের মধ্যে তা কেরালায় পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

*oooooooooooooooooo*

*oooooooooooooooooo*